



তিন দিনের সফর শেষে বেইজিং ত্যাগ করলেন ট্রাম্প



ছবি: সংগৃহীত

তিন দিনের চীন সফর শেষ করে যুক্তরাষ্ট্রের পথে বেইজিং ত্যাগ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার (১৫ মে) স্থানীয় সময় দুপুরের পর বেইজিং আন্তর্জাতিক বিমানবন্দর থেকে এয়ার ফোর্স ওয়ানে করে তিনি দেশ ছাড়েন।

সফরের শেষ দিনে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে ঝংনানহাই নেতৃত্ব কম্পাউন্ডে প্রায় দুই ঘণ্টা বৈঠক করেন ট্রাম্প। বৈঠকে দুই দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যু নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গেছে।

বিমানবন্দরে ট্রাম্পকে বিদায় জানাতে উপস্থিত ছিলেন চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই। এসময় তাকে লাল গালিচা সংবর্ধনা দেওয়া হয়। এছাড়া কয়েক ডজন শিক্ষার্থী যুক্তরাষ্ট্র ও চীনের পতাকা হাতে নাড়িয়ে 'বিদায়' স্লোগানের মাধ্যমে তাকে শুভেচ্ছা জানায়।

২০১৭ সালের পর এই প্রথম কোনো মার্কিন প্রেসিডেন্ট বেইজিং সফর করলেন। সফর শেষে ট্রাম্প চীন ও প্রেসিডেন্ট শি জিনপিংয়ের প্রশংসা করে বলেন, দুই দেশ এমন কিছু জটিল ইস্যুর সমাধানে অগ্রগতি করেছে, যা অন্যদের পক্ষে সম্ভব ছিল না।

তবে বৈঠক শেষে এখন পর্যন্ত নতুন কোনো দ্বিপাক্ষীয় চুক্তির ঘোষণা দেওয়া হয়নি।

সূত্র: CNN, The Guardian